# হজ উমরা ও যিয়ারত

বিভাগ/অধ্যায়ঃ পঞ্চম অধ্যায় : উমরা

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

দ্বিতীয়. মক্কায় প্রবেশ

পবিত্র মক্কায় প্রবেশের সময় প্রত্যেক ব্যক্তির উচিত, আল্লাহর শ্রেষ্ঠত্ব ও মাহাত্মের কথা স্মরণ করা। মনকে নরম করা। আল্লাহর কাছে পবিত্র মক্কা যে কত সম্মানিত ও মর্যাদাপূর্ণ তা স্মরণ করা। পবিত্র মক্কায় থাকা অবস্থায় পবিত্র মক্কার যথাযথ মর্যাদা দেয়ার চেষ্টা করা। হজ ও উমরাকারী ব্যক্তির ওপর পবিত্র মক্কায় প্রবেশের পর নিম্নরূপে আমল করা মুস্তাহাব।

১. উপযুক্ত কোন স্থানে বিশ্রাম নেয়া, যাতে তাওয়াফের পূর্বে সফরের ক্লান্তি দূর হয়ে যায়। শরীরের স্বতস্ফূর্ততা ফিরে আসে। বিশ্রাম নিতে না পারলেও কোন সমস্যা নেই। ইবন উমর রা. থেকে বর্ণিত, তিনি বলেন,

«بَاتَ رسول الله صلى الله عليه وسلم بِذِي طُوًى حَتَّى أَصْبَحَ ثُمَّ دَخَلَ مَكَّةَ»

‘নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম (হজের সফরে) যী-তুয়ায় এসে রাত যাপন করলেন। সকাল হওয়ার পর তিনি মক্কায় প্রবেশ করলেন।’[1] ইবন উমর রা. মক্কায় আসলে যী-তুয়ায় রাত যাপন করতেন। ভোর হলে গোসল করতেন। তিনি বলতেন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম অনুরূপ করতেন।[2] বর্তমানে মক্কায় হাজীদের বাসস্থানে গিয়ে গোসল করে নিলেও এ সুন্নত আদায় হয়ে যাবে।

২. মুহরিমের জন্য সবদিক দিয়ে মক্কায় প্রবেশের অবকাশ রয়েছে। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন,

«وَكُلُّ فِجَاجِ مَكَّةَ طَرِيقٌ».

‘মক্কার প্রতিটি অলিগলিই পথ (প্রবেশের স্থান)।’[3]

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বাতহার মুয়াল্লার দিক থেকে, যা বর্তমানে হাজূন নামক উঁচু জায়গায় অবস্থিত ‘কাদা’ নামক পথ দিয়ে মক্কায় প্রবেশ করেন এবং নিচু জায়গা অর্থাৎ ‘কুদাই’ নামক পথ দিয়ে বের হন।[4] সুতরাং নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামএর অনুকরণে কারো পক্ষে মক্কায় প্রবেশ ও প্রস্থান করা সম্ভব হলে তা হবে উত্তম।

কিন্তু বর্তমান-যুগে মোটরযানে করে আপনাকে মক্কায় নেয়া হবে। আপনার বাসস্থানে যাওয়ার সুবিধামত পথেই আপনাকে যেতে হবে। তাই রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যেদিক থেকে মক্কায় প্রবেশ করেছেন, সেদিন থেকে প্রবেশ করা আপনার জন্য সম্ভব নাও হতে পারে। এতে কোন অসুবিধা নেই। আপনার গাড়ি সুবিধামত যে পথ দিয়ে যাবে, সেপথে দিয়েই আপনি যাবেন। আপনার বাসস্থানে মালপত্র রেখে, বিশ্রাম নিয়ে উমরার প্রস্তুতি নেবেন।

মুহরিম যেকোনো সময় মক্কায় প্রবেশ করতে পারে। তবে দিনের প্রথম প্রহরে প্রবেশ করা উত্তম। ইবন উমর রা.

থেকে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ‘যী-তুয়ায় রাতযাপন করেন। সকাল হলে তিনি মক্কায় প্রবেশ করেন।’[5]

## ফুটনোট

[1]. বুখারী : ১৫৭৪; মুসলিম : ১২৫৯। (বর্তমানে জারওয়াল এলাকায় অবস্থিত প্রসূতি হাসপাতালের জায়গাটির নাম ছিল যী-তুয়া।)

[2]. বুখারী : ৩/৪৩৬; মুসলিম : ২/৯১৯।

[3]. আবূ দাউদ : ১৯৩৭।

[4]. বুখারী : ১৫৭৬।

[5]. প্রাগুক্ত।

Source — https://www.hadithbd.com/books/link/?id=7378

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন